# যুগান্তর

তারিখ 11 DEC 2017
পৃষ্ঠা ১৮ কলাম ৬

## এসএসসি পরীক্ষার ফরম পূরণে ব্যর্থ হয়ে স্কুলছাত্রীর আত্মহত্যা

যুগান্তর রিপোর্ট, *সোনারগাঁ*

এসএসসি পরীক্ষার ফরম পূরণ করতে না পারায় নারায়ণগঞ্জের সোনারগাঁ পৌরসভার কৃষ্ণপুরা এলাকায় রোববার রাতে এক স্কুলছাত্রী গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেছে। স্কুলছাত্রীর নাম মোসাম্মৎ আমেনা আক্তার (১৭)। পুলিশ স্কুলছাত্রীর লাশ ময়নাতদন্তের জন্য নারায়ণগঞ্জ জেনারেল হাসপাতাল মর্গে পাঠিয়েছে।

পুলিশ ও এলাকাবাসী সূত্রে জানা যায়, কুমিল্লার মেঘনা উপজেলার বারহাজারী এলাকার বাবর আলী মিয়া তার স্ত্রী ও সন্তানদের নিয়ে সোনারগাঁ পৌরসভার কৃষ্ণপুরা এলাকায় তোফাজ্জল হোসেনের বাড়িতে ভাড়া থাকেন। বাবর আলী মিয়ার মেয়ে আমেনা আক্তার এ বছর সোনারগাঁ জিআর ইন্সটিটিউশন স্কুল থেকে টেস্ট পরীক্ষায় অকৃতকার্য হয়। এ কারণে সে এসএসসি পরীক্ষার ফরম পূরণ করতে ব্যর্থ হয়।